

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত ও আনুষঙ্গিক প্রসঙ্গ - (খ) মসজিদ ও আযান বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৭. আযানের সময় কথা বলার ভয়াবহ পরিণতি!

আযানের সময় কথা বলার নিষেধাজ্ঞা বুঝাতে এ 'হাদীসটি' বলা হয়:

مَنْ تَكَلَّمَ عِنْدَ الأَذَانِ خِيْفَ عَلَيْهِ زَوَالُ الإِيْمَانِ

"যে ব্যক্তি আযানের সময় কথা বলবে, তার ঈমান বিনষ্ট হওয়ার ভয় আছে।" আল্লামা সাগানী, আজলূনী প্রমুখ মুহাদ্দিস উল্লেখ করেছেন যে, বাক্যটি হাদীসের নামে বানানো ভিত্তিহীন জাল কথা। আযানের সময় কথা বলা যাবে না মর্মে কোনো নির্দেশনা হাদীসে বর্ণিত হয় নি। "

ফুটনোট

[1] সাগানী, আল-মাউদ্'আত, পৃ. ৮o; আজলুনী, কাশফুল খাফা ২/২৯৫, ৩১৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4927

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন